

# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 13 May, 2025

চট্টগ্রাম উত্তর জেলা মহিলা আওয়ামী লীগ নেত্রী অ্যাডভোকেট জিনাত সোহানা চৌধুরীকে গ্রেপ্তার করেছে পুলিশ। সোমবার (১৩ মে) দিবাগত রাত ১টার দিকে নগরীর বায়েজিদ এলাকার একটি বাসা থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

জিনাত সোহানার বাড়ি চট্টগ্রামের রাউজান উপজেলায়। তিনি সুচিন্তা ফাউন্ডেশনের বিভাগীয় সমন্বয়ক, সাবেক সিডিএ সদস্য, ফারমিন গ্রুপের চেয়ারম্যান এবং চট্টগ্রাম চেম্বার ও বিজিএমইএ'রও সাবেক সদস্য।

তঁার স্বামী মোহাম্মদ ইমরান যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা রাজ্যের আওয়ামী লীগের সভাপতি। এছাড়া তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ছিলেন।

পুলিশ জানায়, গত বছরের ৪ ডিসেম্বর চট্টগ্রাম আদালত চত্বরে পুলিশের সঙ্গে চিন্ময় কৃষ্ণ ব্রহ্মচারীর অনুসারীদের সংঘর্ষের ঘটনায় করা কোতোয়ালী থানা মামলার এজাহারভুক্ত আসামি জিনাত সোহানা। ওই মামলায় ছাত্রলীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ, আওয়ামী লীগ ও ইসকনের ২৯ জন নেতার নাম রয়েছে। আরও ৪০-৫০ জন অজ্ঞাতনামাকেও আসামি করা হয়েছে।

বায়েজিদ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আরিফুর রহমান জানান, বায়েজিদ এলাকার একটি বাসা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। মামলার প্রেক্ষিতে রাতেই তাকে কোতোয়ালী থানায় হস্তান্তর করা হয়েছে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 06:09

URL: <https://timestodaybd.com/chittagong/7758072430>